গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

# বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২

**(সংশোধিত- ফেব্রুয়ারি, ২০২৪)**

অনন্যসাধারণ মেধা (Extraordinary Talent) অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

২.০ **শিরোনাম:** এই নীতিমালা "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২" **(সংশোধিত**-ফেব্রুয়ারি-২০২৪) নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** দেশের সকল সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের নিম্নমাধ্যমিক পর্যায় হতে উচ্চমাধ্যমিক পর্যায়-পর্যন্ত (ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ছাত্র-ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য (বাংলা, ইংরেজি), ২. দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান [(৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান)], ৩. গণিত ও কম্পিউটার, ৪. বাংলাদেশ স্টাডিজ **ও মুক্তিযুদ্ধ** (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান), এবং ৫. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ এ পাঁচটি বিষয় সৃজনশীল মেধা অন্বেষণের ক্ষেত্রে বিবেচ্য হবে।

৪.০ **বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণের উদ্দেশ্য:**

৪.১ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অসাধারণ মেধাসম্পন্ন ছাত্র-ছাত্রী অন্বেষণ করা;

৪.২ এ সকল মেধা অন্বেষণ করে তাদেরকে ভবিষ্যতে জাতীয় মেধা (National Talent) হিসেবে স্বীকৃতি দেয়া এবং তাদের উৎসাহ প্রদানে একটি এককালীন বিশেষ মেধাভিত্তিক (Special Merit Based Scholarship) বৃত্তি প্রদান করা। প্রয়োজনে তাদেরকে বিদেশে মেধাবৃত্তির জন্য সুপারিশ করা।

৪.৩ বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক শিক্ষার্থীদের মেধাকে বিকশিত করে মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে তাদেরকে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ করে দেওয়া।

৫.০ **বাস্তবায়ণ পরিকল্পনা:**

৫.১ বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ একটি উন্মুক্ত প্রতিযোগিতা, যা প্রতি বছর অনুষ্ঠিত হবে। প্রকৃত সৃজনশীল মেধা অন্বেষণে তৃণমূল পর্যায় থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতার আওতাভুক্ত হবে।

৫.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী মেধাবীদের পুরস্কৃত করবে। উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের শিক্ষার্থীদের মধ্য হতে প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা শিক্ষার্থীদের প্রাথমিকভাবে ০৩(তিন)টি গ্রুপে (৬ষ্ঠ থেকে ৮ম-শ্রেণি ও সমপর্যায়, ৯ম থেকে ১০ম শ্রেণি ও সমপর্যায়, একাদশ থেকে দ্বাদশ শ্রেণি ও সমপর্যায়) ০৫ (পাঁচ)টি বিষয়ের বিপরীতে সৃজনশীল মেধা হিসেবে স্বাক্ষর রাখতে পারে এমন শিক্ষার্থী উপজেলা পর্যায়ে মনোনয়ন দিবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত বিষয় ছাড়া সাধারণ বিষয়গুলোতেও অংশগ্রহণ করতে পারবে। **উল্লেখ্য ২০২৪ সালের এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া যে শিক্ষার্থী একবার যে গ্রুপ এবং বিষয়ে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে জাতীয় পর্যায়ে সেরা মেধাবীর স্বীকৃতি পেয়েছে সেই শিক্ষার্থী ঐ বিষয়ের ঐ গ্রুপের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।**

৫.৩ উপজেলা পর্যায় হতে বাছাইকৃত প্রতিযোগী ও উক্ত জেলায় অবস্থিত সদর উপজেলার আওতায় বাছাইকৃত প্রতিযোগী সমন্বয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা হতে প্রতিটি বিষয়ে বাছাইকৃত সেরাদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৮টি বিভাগ ও ঢাকা মহানগরী শহরকে অতিরিক্ত একটি বিভাগীয় ইউনিট হিসেবে ধরে তিনটি পর্যায়ে প্রতি বিষয়ে ৩ জন করে ৫টি বিষয়ে প্রতি বিভাগে মোট (৩×৫)=১৫ জন এবং জাতীয় পর্যায়ে সর্বমোট (১৫×৯)=১৩৫ জন মেধাবী নির্বাচন করতে হবে। ৮টি বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত ৯×১৫ (প্রতি বিষয়ে সেরা ১ জন) = ১৩৫ জন প্রতিযোগী থেকে ৫ বিষয়ে ১ জন করে ৩টি গ্রুপে মোট ১৫ জন সেরা বিজয়ী নির্বাচন করা হবে। তাদেরকে "বছরের সেরা মেধাবী" হিসেবে স্বীকৃতি এবং এককালীন বিশেষ মেধাভিত্তিক বৃত্তি (Special Merit Based Scholarship) দেয়া হবে।

৫.৪ প্রতিযোগিতা আয়োজনে সময়সূচী নির্ধারণঃ

সকল শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম যেন ব্যাহত না হয় এবং একই সাথে সকল শিক্ষার্থীকে এ প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত করা যায়, সে লক্ষ্যে বছরের একটি নির্দিষ্ট সময় জানুয়ারি থেকে মার্চের মধ্যে (যদি সম্ভব হয়) সম্পন্ন করতে হবে। সে ক্ষেত্রে বাস্তবায়নের সুবিধার্থে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রতিযোগিতার সম্ভাব্য সময়সূচী নির্ধারণ করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৫.৫ প্রতিযোগিতার বিষয় ও শ্রেণিভিত্তিক গ্রুপঃ

| ক্রঃ নং | শ্রেণি ভিত্তিক গ্রুপ | বিষয় | | | | | বাছাইকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | ভাষা ও সাহিত্য | দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান | গণিত ও কম্পিউটার | **বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ** | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র বিশেষ চাহিদা সম্পন্ন/ অটিস্টিক শিক্ষার্থীদের জন্য) | |
| ১. | ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি- সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| ২. | ৯ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি-সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| ৩. | একাদশ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি-সমপর্যায় | ১ | ১ | ১ | ১ | ১ | ৫ |
| | | | | | | মোট= | ১৫ জন |

৫.৬ সেরা মেধাবী যাচাইয়ের পদ্ধতি ও পরীক্ষার নম্বর বণ্টন:

সকল বিষয়ের প্রশ্ন প্রণয়ন ও মৌখিক মূল্যায়নের ক্ষেত্রে নিম্নোক্ত সাধারণ নির্দেশনা অনুসরণ আবশ্যক-

- সৃজনশীলতাকে গুরুত্ব দিতে হবে।
- কোনো একটি দক্ষতা (Competency) অর্জিত হয় তা বিবেচনায় নিতে হবে।
- যেহেতু একই গ্রুপের বিভিন্ন শ্রেণির (গ্রুপ-১: ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি, গ্রুপ-২: নবম-দশম শ্রেণি এবং গ্রুপ-৩: একাদশ-দ্বাদশ শ্রেণি) প্রতিযোগী অংশ নেয়, সেহেতু প্রশ্ন করার সময় বিবেচনায় রাখতে হবে- শুধু উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের কারণে কোন প্রতিযোগী যেন বাড়তি সুবিধা না পায়।
- প্রশ্নের বিষয়বস্তু যেন শুধু মুখস্থ নির্ভর না হয় তা নিশ্চিত করতে হবে।
- প্রত্যেক বিষয়ে লিখিত পরীক্ষার উত্তরপত্র কোডিং-ডিকোডিং ব্যবস্থার মাধ্যমে মূল্যায়ন করতে হবে।

৫.৬.১ ভাষা ও সাহিত্য

<u>উপজেলা/জেলা/বিভাগীয়/জাতীয় পর্যায়:</u>

<u>মানবন্টন:</u>

ক. তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত): ১০+১০=২০ নম্বর

খ. পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা: ১৫ নম্বর

গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি): ১৫ নম্বর

* উপস্থিত বক্তৃতার ক্ষেত্রে কিউ কার্ড প্রণয়ন করে সেখান থেকে প্রশ্ন করতে হবে। দৈবচয়ন পদ্ধতিতে প্রতিযোগিতার বিষয় নির্ধারিত হবে।

* প্রত্যেক প্রতিযোগীকে পর্যায়ক্রমে বাংলায় গল্প বলা ও উপস্থিত বক্তৃতা সম্পন্ন করার পর তাদের বিচারকমন্ডলীর কক্ষে বসিয়ে রাখতে হবে এবং সকল প্রতিযোগীর প্রতিযোগিতা শেষে একসাথে ঐ কক্ষের বাইরে যাওয়ার অনুমতি দিবেন।

৫.৬.২ ষষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান)

<u>উপজেলা ও জেলা পর্যায়:</u>

<u>মানবন্টন:</u>

ক. এমসিকিউ: ১০ নম্বর

খ. সমস্যা সমাধান: ২০ নম্বর

গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন: ২০ নম্বর

বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:
প্রকল্প প্রস্তুত করা-৪, প্রকল্প ব্যাখ্যাকরণ-৭, ডেটা/উপাত্ত সংগ্রহ ও তা লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন-৩, লো-কস্ট এবং পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার-২, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ অর্থাৎ ব্যবহার উপযোগিতা-২, প্রকল্পের মৌলিকত্ব ও অভিনবত্ব-২

বিভাগীয় ও জাতীয় পর্যায়:

মানবন্টন:

ক. এমসিকিউ: ১০ নম্বর

খ. সমস্যা সমাধান: ১৫ নম্বর

গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন: ২৫ নম্বর

সকল পর্যায়ে বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:
প্রকল্প প্রস্তুত করা-৫, প্রকল্প ব্যাখ্যাকরণ-৮, ডেটা/উপাত্ত সংগ্রহ ও তা লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন-৪, লো-কস্ট এবং পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার-২, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ অর্থাৎ ব্যবহার উপযোগিতা-৩, প্রকল্পের মৌলিকত্ব ও অভিনবত্ব-৩

৫.৬.৩ গণিত ও কম্পিউটার

উপজেলা পর্যায়:

মানবণ্টন:

গণিত (লিখিত): ২৫ নম্বর

কম্পিউটার (লিখিত): ১০ নম্বর

উপরোক্ত ৩৫ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে প্রথম ১০ জনের জন্য

গণিত (মৌখিক): ৫ নম্বর

কম্পিউটার (সমস্যার সমাধান): ১০ নম্বর

* (উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয়) সকল পর্যায়ে অন্তত ১০ দিন আগে বিচারক প্যানেল তৈরি করতে হবে। প্রশ্ন কেমন হবে এবং কোন ধরণের দক্ষতা (Competency) যাচাই করতে হবে বিচারকমন্ডলীকে এ সংক্রান্ত নির্দেশনা বা পূর্বধারণা দিতে হবে।

* যেহেতু উপজেলা পর্যায়ে প্রতিযোগী অধিক থাকে, এজন্য সকল প্রতিযোগী গণিত ও কম্পিউটার উভয় বিষয়ে পৃথক লিখিত
পরীক্ষায় অংশ নিবে।

* লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মেধা তালিকার প্রথম ১০ জন পরবর্তী ধাপে গণিত (মৌখিক) ও কম্পিউটার (ব্যবহারিক) পরীক্ষায় অংশ নিবে এবং সেখান থেকে উপজেলার বিজয়ী নির্ধারিত হবে।

* সকল পর্যায়ে প্রশ্ন প্রণয়নে প্রবলেম সলভিং এর উপর গুরুত্ব দিতে হবে।

* সকল পর্যায়ে পরীক্ষাতে ৫০% সিলেবাস থেকে এবং ৫০% অলিম্পিয়াডের আদলে প্রশ্ন থাকবে।

জেলা পর্যায়:

মানবণ্টন:

গণিত (লিখিত): ২৫ নম্বর

গণিত (মৌখিক): ৫ নম্বর

কম্পিউটার (সমস্যার সমাধান): ২০ নম্বর

বিভাগীয় পর্যায় এবং জাতীয় পর্যায়:

মানবণ্টন:

গণিত (লিখিত): ২০ নম্বর

গণিত (মৌখিক): ১০ নম্বর

কম্পিউটার (সমস্যার সমাধান): ২০ নম্বর

৫.৬.৪ বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ

প্রশ্ন প্রণয়ন করার সময় আবহমান বাংলার সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও তার চ্যালেঞ্জ ইত্যাদি বিষয়কে প্রাধান্য দিতে হবে। বাংলার ভৌগোলিক পরিচিতি, আমাদের মুক্তিযুদ্ধ, জাতির পিতার সংগ্রামী জীবন এবং মুক্তিযুদ্ধ পরবর্তী দেশগঠনে বঙ্গবন্ধুর ভূমিকাকে গুরুত্বের সাথে উপস্থাপনের দক্ষতা যাচাই করতে হবে।

উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়:

মানবণ্টন:

ক. লিখিত: ৩০ নম্বর

খ. এমসিকিউ: ১৫ নম্বর

গ. মৌখিক: ৫ নম্বর

* লিখিত পরীক্ষায় তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে যার প্রতিটির নম্বর- ১০ এবং লিখিত পরীক্ষার সময় ৩০ মিনিট।

জাতীয় পর্যায়:

মানবণ্টন:

ক. লিখিত: ৩৫ নম্বর

খ. এমসিকিউ: ১০ নম্বর

গ. মৌখিক: ৫ নম্বর

৫.৬.৫ বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য)

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের উপযোগী প্রশ্ন প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে আবহমান বাংলার সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও তার চ্যালেঞ্জ ইত্যাদি বিষয়কে প্রাধান্য দিতে হবে। বাংলার ভৌগোলিক পরিচিতি, আমাদের মুক্তিযুদ্ধ, জাতির পিতার সংগ্রামী জীবন এবং মুক্তিযুদ্ধ পরবর্তী দেশগঠনে বঙ্গবন্ধুর ভূমিকাকে গুরুত্বের সাথে উপস্থাপনের দক্ষতা যাচাই করতে হবে।

**উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়:**

মানবণ্টন:

ক. লিখিত: ৩০ নম্বর

খ. এমসিকিউ: ১৫ নম্বর

গ. মৌখিক: ৫ নম্বর

* লিখিত পরীক্ষায় তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে যার প্রতিটির নম্বর- ১০ এবং সময় ৩০ মিনিট।

জাতীয় পর্যায়:

মানবণ্টন:

ক. লিখিত: ৩৫ নম্বর

খ. এমসিকিউ: ১০ নম্বর

গ. মৌখিক: ৫ নম্বর

৬.০ **বিভিন্ন পর্যায়ের কমিটি গঠনঃ**

৬.১ জাতীয় স্টিয়ারিং কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | প্রধান উপদেষ্টা |
| ২. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ৩. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৪. | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ৫-৬ | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৭. | কমিশনার, ঢাকা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৯. | অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৪-১৫ | অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ১৭. | অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৮. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৯. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২০. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২১. | মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা | সদস্য |
| ২২. | মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ২৩. | মহাপরিচালক, প্রাথমিক ও গণ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২৪. | মহাপরিচালক, বিটিভি, ঢাকা | সদস্য |
| ২৫. | মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ২৬. | মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী,নীলক্ষেত, ঢাকা | সদস্য |
| ২৭. | মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ২৮. | অধ্যাপক ড. সৈয়দ মোঃ গোলাম ফারুক, সদস্য, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | সদস |
| ২৯. | অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, বিভাগীয় প্রধান, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট | সদস্য |
| ৩০. | ড. হাসিনা খান, ইউজিসি অধ্যাপক | সদস্য |
| ৩১ | ড. মুনতাসীর উদ্দিন খান মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩২-৪০ | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) | সদস্য |
| ৪১ | চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪২ | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪৩ | চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৪৪ | সুভাষ সিংহ রায়, রাজনৈতিক বিশ্লেষক ও কলাম লেখক | সদস্য |
| ৪৫ | রেজওয়ানা চৌধুরী বন্যা, বিশিষ্ট রবীন্দ্র সংগীত শিল্পী | সদস্য |
| ৪৬. | প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪৭. | পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। প্রতিষ্ঠান, উপজেলা, জেলা, বিভাগীয় পর্যায়ে (ঢাকা মহানগরী এলাকাসহ) অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার সময়সূচি নির্ধারণ।

২। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার খসড়া বাজেট বিভাজন অনুমোদন।

৩। দেশের যে সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জাতীয় পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান ও জাতীয় পর্যায়ে স্বনামধন্য ব্যক্তিবর্গের মধ্য থেকে অনধিক ০৭ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে বিষয়ভিত্তিক বিচারক প্যানেল তৈরি করে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে। বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত ৯×১৫ (প্রতি বিষয়ে সেরা ১ জন) =১৩৫ জন প্রতিযোগী থেকে ৫ বিষয়ে ১ জন করে ৩টি গ্রুপে মোট ১৫ জন সেরা বিজয়ী নির্বাচন করে তাদেরকে ''বছরের সেরা মেধাবী'' হিসেবে পুরস্কার প্রদান।

৪। জাতীয় স্টিয়ারিং কমিটিতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করা যাবে।

৬.২ বিভাগীয় শহর এলাকার বাছাই কমিটি (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ):

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম/রাজশাহী/যশোর (খুলনা বিভাগীয় শহরের জন্য)/দিনাজপুর (রংপুর বিভাগীয় শহরের জন্য)/সিলেট/বরিশাল/ময়মনসিংহ | আহবায়ক |
| ২. | সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪-৬. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি, বেসরকারি ও মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭-৮. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি ও বেসরকারি স্কুলের ১ জন করে প্রধান শিক্ষক (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট বিভাগীয় শহরের বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ৩টি বিভাগীয় শহরকে উপজেলার আদলে ৪টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট বাছাই কমিটি গঠন করবে। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবে। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা মহানগরী এলাকা থেকে ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে।

২। রংপুর, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ ৪টি বিভাগীয় শহরকে ১টি জেলা পর্যায়ে বিবেচনা করে আহবায়ক জেলার আদলে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবে।

৩। জেলা পর্যায়ের প্রতিযোগীদের সাথে বিভাগীয় শহর এলাকার প্রতিযোগীরা বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে অংশগ্রহণ করবে। ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে।

৪। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ বিভাগীয় শহর এলাকার বাছাই কমিটির যে সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় শহর পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৭ (সাত) জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে।

৬.৩ ঢাকা মহানগরী এলাকার বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ২. | বিভাগীয় কমিশনার ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | পুলিশ কমিশনার ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৫. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ | সদস্য |
| ৬-৮. | সরকারি, বেসরকারি ও মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ১১. | বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ১৩. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক অফিস | সদস্য |
| ১৪. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১। ঢাকা মহানগরী এলাকার প্রতিযোগিতায় বাছাইয়ের জন্য আহবায়ক জেলা-উপজেলার আদলে মহানগরী এলাকাকে ০৮(আট) টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি-বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৭ (সাত) সদস্যবিশিষ্ট বাছাই কমিটি গঠন করবে।

২। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। ঢাকা মহানগরী এলাকা থেকে ০৩টি গ্রুপে ০৫টি বিষয়ে ১৫ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে।

৩। ঢাকা মহানগরী এলাকার বাছাই কমিটি যে সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী মহানগরী পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৭ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে।

৬.৪ বিভাগীয় পর্যায়ে বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | আহবায়ক |
| ২. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | সদস্য |
| ৩. | ডি.আই.জি. পুলিশ/প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক, বিভাগীয় সদর জেলা | সদস্য |
| ৫-৬. | ১ জন সরকারি ও ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | ১ জন মহিলা কলেজের অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | বিভাগীয় সদরের সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ | সদস্য |
| ৯. | পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে) | সদস্য |
| ১০. | পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে) | সদস্য |
| ১১. | বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক অফিস | সদস্য |
| ১৩. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় সদর | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**
প্রতি জেলা হতে প্রেরিত সেরা (৩×৫)= ১৫ জনকে নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করবে। বিভাগীয় যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যে সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৭ (সাত) জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে। কমিটি প্রতিযোগিতা শেষে ৫টি বিষয়ে (৩×৫)=১৫ জন বিভাগীয় পর্যায়ে সেরা মেধাবীকে জাতীয় পর্যায়ে প্রেরণ করবে।

৬.৫ **জেলা পর্যায়ে বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | আহবয়ক |
| ২-৪. | জেলা সদরের সরকারি, বেসরকারি কলেজ ও আলিম/ফাজিল মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সদস্য |
| ৬. | সুপারিনটেনডেন্ট অব পুলিশ/প্রতিনিধি | সদস্য |
| ৭. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮-১১. | মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক/শিক্ষিকা ( সরকারি ও বেসরকারি বিদ্যালয় হতে ১ জন করে), দাখিল মাদরাসার সুপারিনটেনডেন্ট ও কারিগরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ১ জন করে (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৩. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৪. | জেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**
প্রতি উপজেলা হতে প্রেরিত সেরা ১৫ জনকে নিয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করবে। জেলা যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যে সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জেলা পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৭ (সাত) জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে। কমিটি প্রতিযোগিতা শেষে ৫টি বিষয়ে (৩×৫)=১৫ জন জেলা পর্যায়ে সেরা মেধাবীকে বিভাগীয় পর্যায়ে প্রেরণ করবে।

৬.৬ উপজেলা পর্যায়ে বাছাই কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ২-৩. | উপজেলা সদরস্থ কলেজ ও মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৫-৬. | উপজেলা সদরস্থ উচ্চ বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের মধ্য হতে ১ জন এবং দাখিল মাদরাসাসমূহের সুপারিনেটেনডেন্ট ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানদের মধ্য হতে ১ জন (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

কমিটি উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা শেষে স্কুল-কলেজ-মাদরাসা-কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান হতে ৫টি বিষয়ে (৩×৫)=১৫ জন সেরা প্রতিযোগী জেলা পর্যায়ে প্রেরণ করবে। উপজেলা পর্যায়ের বাছাই কমিটি সংশ্লিষ্ট উপজেলার পার্শ্ববর্তী কোন উপজেলা থেকে অনধিক ০৭ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সেরা প্রতিযোগী বাছাই করবে। উল্লেখ্য, বিচারকার্য পরিচালনার জন্য কমপক্ষে ৪ জন বিচারক উপস্থিত থাকতে হবে।

৭.০ **আপত্তি ও নিষ্পত্তি:** উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার, ঢাকা মহানগরী পর্যায়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ০৭টি বিভাগীয় শহর পর্যায়ে সংশ্লিষ্ট আহবায়ক ও জাতীয় পর্যায়ে **অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)**, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করবেন।

৮.০ **প্রতিযোগিতার জন্য বরাদ্দকৃত অর্থ বিভাজন:** দেশব্যাপী মেধা অন্বেষণের কার্যক্রম সফল করতে অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান বাবদ দু'ধরনের ব্যয় হবে, যা মূলত প্রতিবছরে অর্থ বিভাগ কর্তৃক বাজেট বরাদ্দ হতে নির্ধারিত বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে প্রতিটি কমিটির সদস্য-সচিবকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করে তাঁর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের অনুমতি প্রদান করে জি.ও. জারি করতে হবে। উত্তোলিত অগ্রিম অর্থ খরচের পর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে সমন্বয় করতে হবে।

৯.০ **বাজেট ও অর্থ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১ ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | যুগ্মসচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৫. | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৬-৭. | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-৩ ও ১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | **উপপরিচালক শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর** | সদস্য |
| ৯. | পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ , ঢাকা | সদস্য-সচিব |

***বাজেট ও অর্থ কমিটি কমিটিতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবেন।

১০.০ **প্রচার কমিটি:**

দেশব্যাপী বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণের বিষয়টি জাতীয় পত্রিকা, রেডিও, টেলিভিশন ও বিভিন্ন ওয়েবসাইটের মাধ্যমে ব্যাপক প্রচারণা (ডকুমেন্টেশনসহ) এবং স্মরণিকা প্রকাশের জন্য নিম্নোক্তভাবে একটি প্রচার কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | সদস্য |
| ৫-৬. | মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি-(২ জন) | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি | সদস্য |
| ৮. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৯. | উপপ্রধান/সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | উপসচিব (সরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | উপ-পরিচালক ( শারীরিক শিক্ষা) , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা | সদস্য-সচিব |

***_প্রচার কমিটি কমিটি কমিটিতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবেন।

১১.০ বাজেট প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক-১ অনুবিভাগ হতে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর-দপ্তর- সংস্থায়, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

১২.০ **তহবিল ব্যবস্থাপনা:**

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য জাতীয় স্টিয়ারিং কমিটি ও প্রচার কমিটির নামে দুটি পৃথক ব্যাংক হিসাব থাকবে। জাতীয় স্টিয়ারিং কমিটি'র ব্যাংক হিসাব'টি বাজেট ও অর্থ কমিটির আহ্বায়ক **অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)** ও জাতীয় স্টিয়ারিং কমিটি'র সদস্য-সচিব যৌথভাবে পরিচালনা করবেন এবং প্রচার কমিটি'র ব্যাংক হিসাব'টি প্রচার কমিটির আহবায়ক ও সদস্য-সচিব যৌথভাবে পরিচালনা করবেন।

২৯/০২/২৪

(সোলেমান খান)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮- ১৭৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-১/২/পরিকল্পনা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার,..................................(সকল)।
৮। অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড......................(সকল)। (নীতিমালাটি তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। জেলা প্রশাসক,..........................( সকল) ।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপপরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল ................................(সকল)।
১৬। উপজেলা নির্বাহী অফিসার ..............................................................(সকল)।
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯। জেলা শিক্ষা অফিসার .................... (সকল)।
২০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ............................................... (সকল)।
২১। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। . . . . . . . .

২৯.২.২৪

(মোছাঃ শাম্মী আক্তার)
উপসচিব